দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 05 NOV 1988
পৃষ্ঠা 5 কলাম 7

034

48

# দিনাজপুরে প্রায় ৫০ হাজার ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চিত

দিনাজপুর, ২রা নভেম্বর (নিজস্ব সংবাদদাতা) ।—সাম্প্রতিক বন্যায় জেলার ৩শ' ৪১টি শিক্ষা প্রতিষ্ঠান মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে।

ফলে ওই সকল শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত প্রায় ৫০ হাজার ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে।

প্রায় ৫০ হাজার ছাত্র ছাত্রীর লেখাপড়া মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে।

এসব শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে রয়েছে কলেজ ১৪টি, উচ্চমাধ্যমিক ৫৮টি, মাদ্রাসা ৩১টি ও প্রাথমিক বিদ্যালয় ২৪০টি। জেলায় ৩ দফা বন্যার ফলে প্রায় ৩/৪ মাস যাবৎ এ সকল শিক্ষা প্রতিষ্ঠান সম্পূর্ণরূপে বন্ধ রয়েছে। এমন কি চলতি বছর বন্যার কারণে কোন কোন বিদ্যালয়ে দ্বি-বার্ষিক পরীক্ষা হতে পারেনি।

জেলা শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, বন্যায় ক্ষতিগ্রস্ত এ সকল শিক্ষা প্রতিষ্ঠানে এখনো কোন সাহায্য কিংবা মেরামতের কোন অনুদান বা নির্দেশ আসেনি। জেলা শিক্ষা কর্মকর্তা জানিয়েছেন, বন্যার পর পরই বিধ্বস্ত বিদ্যালয়গুলোর জন্য অনুদান কিংবা মেরামতের টাকা চাওয়া হয়েছে। কিন্তু অদ্যাবধি কোন উত্তর আসেনি।